



# বাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

কর্মী ব্যবস্থাপনা বিভাগ

ফোনঃ ০২৪৭-৮৬০৫০৬

ফ্যাক্সঃ ০২৪৭-৮৬০৫০৬

ওয়েবসাইটঃ www.rakub.org.bd

ই-মেইলঃ dgmpd@rakub.org.bd

রাকাব এর প্রতিশ্রুতি, শূন্যের কোঠায় দুর্নীতি।  
সহজ শর্তে কৃষি ঋণ. বদলে যাবে সবার দিন।

সার্কুলার লেটার নং-প্রকা/কব্যবি- ০১/২০১৮

তারিখ : ০১-০৪-২০১৮

**বিষয়ঃ** 'বাংলা নববর্ষ ভাতা ১৪২৫' প্রদান প্রসংগে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাস্তবায়ন অনুবিভাগের ১৫-১২-২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৬১.০০.০০৩.১৫-৩১১ নম্বর স্মারক মূলে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গেজেট প্রকাশিত হয়। উক্ত গেজেটের ১৫ নং অনুচ্ছেদের মাধ্যমে 'বাংলা নববর্ষ ভাতা' প্রবর্তন করা হয় এবং একই অনুচ্ছেদের ০৪ নং উপ-অনুচ্ছেদে 'বাংলা নববর্ষ ভাতা' প্রদানের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৪-১০-২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০১৮.১৪-৭৮ নম্বর প্রজ্ঞাপন অনুসরণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। অর্থ মন্ত্রণালয়ের ১৪-১০-২০১৫ তারিখের প্রজ্ঞাপনের মাধ্যমে 'বাংলা নববর্ষ ভাতা' প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়েছেঃ

“(০১) আগামী ১৪২৩ বঙ্গাব্দ হতে 'বাংলা নববর্ষ ভাতা' প্রবর্তিত হবে;

(০২) জাতীয় বেতনস্কেলের আওতাভুক্ত সকল কর্মচারী (সামরিক/বেসামরিক) প্রতিবছর মার্চ মাসে আহরিত মূল বেতনের ২০% হারে 'বাংলা নববর্ষ ভাতা' প্রাপ্য হবেন;

(০৩) মাসিক নীট পেনশন গ্রহণকারীগণ এবং আজীবন পারিবারিক পেনশন ভোগীগণ তাঁদের মাসিক নীট পেনশনের ২০% হারে এ ভাতা প্রাপ্য হবেন; এবং

(০৪) ১০০% পেনশন সমর্পণকারীগণের ক্ষেত্রে এ ভাতা প্রযোজ্য হবে না।”

০৩। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি -৩ অধিশাখা কর্তৃক ১৯-০৪-২০১৭ তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০৬৬.১৬-৪০ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে ১০০% পেনশন সমর্পণকারী কর্মচারীগণের জন্য 'বাংলা নববর্ষ ভাতা' প্রবর্তনের ক্ষেত্রে নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হয়েছেঃ

“(০১) ১০০% পেনশন সমর্পণকারী কর্মচারীগণ পেনশন সমর্পণ না করলে যে পরিমাণ নীট পেনশন প্রাপ্ত হতেন তার ২০% হারে বাংলা নববর্ষ ভাতা প্রাপ্য হবেন; এবং

(০২) ১৪২৪ বঙ্গাব্দ থেকে তারা এ ভাতা প্রাপ্য হবেন।”

০৪। জাতীয় বেতন স্কেল, ২০১৫, অর্থ মন্ত্রণালয়ের ১৪-১০-২০১৫ এবং ১৯-০৪-২০১৭ তারিখের প্রজ্ঞাপনের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক জাতীয় বেতন স্কেলের আওতাভুক্ত এ ব্যাংকের সকল কর্মকর্তা-কর্মচারীকে (মাসিক নীট পেনশন গ্রহণকারীগণ ও আজীবন পারিবারিক পেনশন ভোগীগণ এবং ১০০% পেনশন সমর্পণকারী কর্মকর্তা-কর্মচারীগণসহ) 'বাংলা নববর্ষ ১৪২৫' উদযাপনের লক্ষ্যে মার্চ, ২০১৮ মাসে আহরিত মূল বেতনের ২০% হারে অনুষ্ঠান উদযাপনের ০৭ (সাত) দিন পূর্বে 'বাংলা নববর্ষ ভাতা' বিতরণযোগ্য হবে।

০৫। ব্যাংকের হিসাব খাতে পরিচালিত অন্যান্য সম্পদ খাত কোড ১৩ এর অধীনে ১৩৩ খরচ খাতের ১৩৩/১৪-এ 'বাংলা নববর্ষ ভাতা' উপ-খাত বিকলন (ডেবিট) করে ব্যাংকে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের এ ভাতা প্রদান করতে হবে এবং কোন অবস্থাতেই এ অংক প্রধান কার্যালয়ের হিসাবে বিকলন (ডেবিট) করা যাবে না। এছাড়া মাসিক নীট পেনশন গ্রহণকারী ও আজীবন পারিবারিক পেনশনভোগী এবং ১০০% পেনশন সমর্পণকারী কর্মকর্তা-কর্মচারীগণের জন্য 'বাংলা নববর্ষ ভাতা' ১৩১/১১ R উপ-খাত বিকলন করে প্রদানের জন্য পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

(মোঃ মোয়াজ্জেম হোসেন)

উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/কব্যবি-৭/২০১৭-২০১৮/৪০২৯(৪৪৮)

তারিখ : ৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্যদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী (সার্কুলার লেটারটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।
- ৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১০। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
- ১১। প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
- ১২। ব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
- ১৩। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৪। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৫। অফিস নথি।

(মো. রবিউল আলম)

সহকারী মহাব্যবস্থাপক